# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 18 July, 2025

‘মুজিববাদ ও ফ্যাসিবাদ শেষ না হওয়া পর্যন্ত জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর লড়াই চলবে’ বলে ঘোষণা দিয়েছেন দলটির আহ্বায়ক নাহিদ ইসলাম।

আজ শুক্রবার (১৮ জুলাই) দুপুরে মুন্সীগঞ্জে এক পথসভায় তিনি বলেন, “হামলা-মামলা দিয়ে এনসিপিকে দমন করা যাবে না।দেশ নির্মাণে সামনে আরও একটি গুরুত্বপূর্ণ লড়াই আসছে, আমরা সেই লড়াইয়ের প্রস্তুতি নিচ্ছি।’ একইসঙ্গে তিনি নেতাকর্মীদের সতর্ক ও সংগঠিত থাকার আহ্বান জানান।

গোপালগঞ্জে এনসিপির কর্মসূচিতে হামলার প্রসঙ্গ তুলে নাহিদ ইসলাম বলেন, “গোপালগঞ্জে হামলা হয়েছে, ভবিষ্যতে আরও দশ জায়গায় হামলা হলেও এনসিপির সংগ্রাম দমন করা যাবে না। ফ্যাসিবাদ ও মুজিববাদের বিরুদ্ধে এই লড়াই অব্যাহত থাকবে।”

সভায় আরও বক্তব্য দেন এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম।তিনি বলেন, “জুলাই অভ্যুত্থানে যারা গণহত্যা চালিয়েছে, সেই ফ্যাসিস্ট শেখ হাসিনার মৃত্যুদণ্ড দেখে যেতে চাই।গোপালগঞ্জের সশস্ত্র সন্ত্রাসীদের ঐক্যবদ্ধভাবে প্রতিরোধ করতে হবে। আমাদের সহযোদ্ধাদের নিরাপত্তা নিশ্চিত করা এখন জরুরি।’

তার অভিযোগ, দেশের বাইরে থেকেও হত্যার পরিকল্পনা করা হচ্ছে এবং এসব ষড়যন্ত্রকারীদেরও বিচারের আওতায় আনতে হবে। “ফ্যাসিবাদ নির্মূল না হলে প্রকৃত অর্থে দেশ স্বাধীন হবে না। শুধু গোপালগঞ্জে নয়, যেখানে ফ্যাসিবাদী সন্ত্রাসীরা থাকবে, সেখানেই ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তুলতে হবে,” বলেন তিনি।

সভায় এনসিপির দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ অভিযোগ করেন, “দেশি-বিদেশি চক্রান্তে জাতি বিপন্ন। এই ষড়যন্ত্র মোকাবেলায় সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে।’

তিনি বলেন, “সব রাজনৈতিক দলকে ফ্যাসিবাদের বিরুদ্ধে ঐক্য গড়ে তুলতে হবে। নেতা-নির্ভর নয়, বরং নীতি-নির্ভর রাষ্ট্র গড়ার লক্ষ্যে আমাদের সংগ্রাম অব্যাহত থাকবে।’

হাসনাত আরও হুঁশিয়ারি দিয়ে বলেন, “আগামী ৩ আগস্ট জাতীয় শহীদ মিনারে জড়ো হয়ে জুলাই ঘোষণাপত্র আদায় করে ছাড়ব।’

নাহিদ ইসলাম এনসিপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:35

URL: https://timestodaybd.com/politics/4946829596